The Bangladesh Monitor - A Premier Travel Publication

# আন্তর্জাতিক ট্রাভেল-ট্যুরিজম এক্সপো শুরু ১ ডিসেম্বর

- A Monitor Desk Report | Date: 05 July, 2022




আগামী ১ ডিসেম্বর শুরু হচ্ছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম এক্সপো (বিআইটিটিই)।

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই এক্সপো শেষ হবে ৩ ডিসেম্বর। এক্সপোটি আয়োজন করছে অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)।

মঙ্গলবার (৫ জুলাই) মেলা উপলক্ষে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে সংবাদ সম্মেলনের আয়োজন করে আটাব। এসময় এক্সপোর বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আটাবের সভাপতি এস. এন. মঞ্জুর মোর্শেদ (মাহবুব)।

তিনি বলেন, এই মেলা বা এক্সপোর মাধ্যমে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সঙ্গে সম্পৃক্ত কিছু কার্যক্রম যেমন-প্রোডাক্ট ব্রান্ডিং, বিদেশি মুদ্রা অর্জনে দেশের পর্যটন সেবার মান উন্নয়ন ও বিক্রির বাজার সৃষ্টি, সাংস্কৃতিক অনুষ্ঠান, ফ্যাম ট্যুর, পর্যটন শিল্পের প্রচার-প্রসার, ঐতিহ্যবাহী খাদ্য প্রদর্শন, বিভিন্ন দেশের দূতাবাস, হাইকমিশনগুলোর সঙ্গে সু-সম্পর্ক স্থাপন, ট্রাভেল এজেন্সি, ট্যুর অপারেটর, এয়ারলাইন্সগুলোর মধ্যে দৃঢ় ব্যবসায়িক সম্পর্ক গড়ে উঠবে।

এছাড়া তিনি মেলার মাধ্যমে দেশের পর্যটন সচেতনতা বৃদ্ধি, বিভিন্ন সেমিনার, গোলটেবিল আলোচনা, কর্মশালা, বিটুবি সেশন, পর্যটন সেবাগুলো দেশি-বিদেশি প্রতিষ্ঠান ও ব্যক্তিদের কাছে সুন্দরভাবে উপস্থাপন করার জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে বাংলাদেশে আন্তর্জাতিকমানের ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম প্রদর্শনীর পরিকল্পনার কথা উপস্থাপন করেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, এসএমই ফাউন্ডেশন, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, এফবিসিসিআই, বাংলাদেশ ট্যুরিস্ট পুলিশ, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ভুটান দূতাবাসসহ অন্যান্য দূতাবাস, সৌদি এয়ারলাইন্স, শ্রীলঙ্কান এয়ারলাইন্স, এমিরেটস, কাতার, এয়ার এরাবিয়া, ইউএস-বাংলা, নভোএয়ার এবং জাজিরা এয়ারওয়েজসহ অন্যান্য এয়ারলাইন্সের প্রতিনিধিরা।

সংবাদ সম্মেলন শেষে আটাব সদস্যদের সম্মানে ইন্টারকন্টিনেন্টালের সঙ্গে অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) এর একটি সমঝোতা স্বাক্ষর (এমওইউ) করে। এই এমওইউ'র ফলে আটাব সদস্যরা ইন্টারকন্টিনেন্টালের সার্ভিসে বিশেষ সুবিধা পাবেন।

-B